# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১৩১/২০২৪/১০৬৬৬ ০৪ নভেম্বর ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্য পদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সরকারী প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি ও কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ৩.০০ থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০২ | মেডিকেল টেকনোলজিস্ট<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:**<br>ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে বি.এস.সি. ইন মেডিকেল টেকনোলজি (ল্যাবরেটরি) ডিগ্রী।<br>**অথবা**<br>খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং/প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান/অণুজীব বিজ্ঞান/বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং/ফার্মেসি/রসায়ন/ফলিত রসায়ন বিষয়ে স্নাতক ডিগ্রী।<br>এসএসসি ও এইচএসসি পর্যায়ে কমপক্ষে জিপিএ ৩.০০ এবং স্নাতক (সম্মান) পর্যায়ে কমপক্ষে সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** 'ক' এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে সরকার অনুমোদিত হাসপাতাল/ডায়াগনোস্টিক সেন্টার/খ্যাতনামা জাতীয় প্রতিষ্ঠানে কমপক্ষে ০২ বছর এবং 'খ' এর ক্ষেত্রে এতদ্ বিষয়ে ০১ বছর অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৩ | ড্রাইভার<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:**<br>ক) অষ্টম শ্রেণী পাশ<br>খ) ড্রাইভিং এ হেভী লাইসেন্স ও লগবুক লেখার যোগ্যতা থাকতে হবে।<br>গ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>অভিজ্ঞতা: ড্রাইভিং এ কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর। |
| ০৪ | জুনিয়র ল্যাব টেকনিশিয়ান<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ**<br>(ক) ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল প্যাথলজি।<br>**অথবা**<br>খ. এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে জিপিএ ৩.০০ সহ বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ।<br>**অভিজ্ঞতা:** 'ক' এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে সরকার অনুমোদিত হাসপাতাল/ ডায়াগনোস্টিক সেন্টার/খ্যাতনামা এ জাতীয় প্রতিষ্ঠানে কমপক্ষে ০১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে ও 'খ' এর ক্ষেত্রে এতদ্ বিষয়ে ০২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর।<br>**তবে ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ইন প্যাথলজি ডিগ্রিধারীদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।** |
| ০৫ | ল্যাব এটেনডেন্ট<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে জিপিএ ৩.০০সহ বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে সরকার অনুমোদিত হাসপাতাল/ ডায়াগনোস্টিক সেন্টার/খ্যাতনামা এ জাতীয় প্রতিষ্ঠানে কাজ করার নূন্যতম ০১ বছরের অভিজ্ঞতা। তবে এতদ্ বিষয়ে ডিগ্রি বা বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৬ | বাস হেলপার<br>(গ্রেড-১৯তম, স্কেল: ৮,৫০০-২০,৫৭০) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: বাস হেলপার কাজে ২ বছরের অভিজ্ঞতা। বয়সসীমা অনূর্ধ্ব ৩০ বছর। |

**আবেদনের শর্তাবলী:**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।
২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ২০ নভেম্বর ২০২৪ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা (১০ম গ্রেড) পদে আবেদনকারীদেরকে ৭ সেট এবং কর্মচারী ( ১৬তম গ্রেড হতে ১৯তম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন {(ক) জাতীয় পরিচয়পত্র (খ) পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি (গ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি এবং (ঙ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান/১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক একটি চারিত্রিক সনদ} A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৪. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড-১০তম পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা, গ্রেড-১৬তম পদের জন্য ২০০.০০ (দুইশত) টাকা এবং গ্রেড-১৮তম হতে গ্রেড-১৯তম পদের জন্য ১০০.০০ (একশত) টাকা পে-অর্ডার/অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।
৫. MPQ (Minimum Prescribe Qualification) শর্ত পূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।
৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গণনা করে নোবিপ্রবি'র চাকরি গণনা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।
৭. কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।
৮. নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।
৯. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।
১০. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
১১. কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে সরকারি নিয়ম অনুসরণ করা হবে।
১২. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
১৩. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
১৪. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৬. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।
১৭. নির্বাচিত প্রার্থীকে মেডিকেল ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

**রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)**
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪